ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪৯৭

আগরতলা,১৬ অক্টোবর,২০২৬

আগরতলায় অগ্নিবীর নিয়োগ র‍্যালি সফলভাবে অনুষ্ঠিত

আগরতলার বাধারঘাটস্থিত দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে ‘অগ্নিবীর’ নিয়োগ র‍্যালি সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। শিলচরের আর্মি রিক্রুটিং অফিস (এআরও)-এর তত্ত্বাবধানে এবং আগরতলাস্থিত সিভিল প্রশাসন ও সেনাবাহিনীর বিভিন্ন ইউনিটের সহযোগিতায় এই র‍্যালির আয়োজন করা হয়। নিয়োগ র‍্যালিতে রেকর্ড সংখ্যক ১২০৩ জন প্রার্থী অংশগ্রহণ করেন। র‍্যালির বিভিন্ন ধাপের মধ্যে ছিল ১.৬ কিলোমিটার দৌড়, শারীরিক সক্ষমতা যাচাই (যার অন্তর্ভুক্ত ছিল পুল-আপ, ৯ ফুট চওড়া গর্ত অতিক্রম করা এবং জিগ-জ্যাগ ব্যালেন্স পরীক্ষা), শারীরিক পরিমাপ, স্বাস্থ্য পরীক্ষা এবং নথিপত্র যাচাইকরণ। শিলংয়ে অবস্থিত হেডকোয়ার্টার রিক্রুটিং জোন (উত্তর-পূর্ব রাজ্যসমূহ)-এর নির্দেশনায় শিলচরের আর্মি রিক্রুটিং অফিস এই র‍্যালি পরিচালনার মূল দায়িত্বে ছিল। ‘স্পিয়ার কোর’ এবং ত্রিপুরার সিভিল প্রশাসন- যার মধ্যে আগরতলার বাধারঘাটের দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্স কর্তৃপক্ষও এই আয়োজনে পূর্ণ সহায়তা প্রদান করেছে। র‍্যালিতে সফল প্রার্থীর সংখ্যা ৬৫৯ জন, যা পূর্ববর্তী ফলাফলের তুলনায় ২৬০ শতাংশ বেশি। স্বাস্থ্য পরীক্ষার পর মোট ৪৬৫ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন এবং সাময়িক শারীরিক অসুস্থতার কারণে ১৯৪ জন প্রার্থীকে পুনরায় স্বাস্থ্য পরীক্ষার (মেডিক্যাল রিভিউ) জন্য সুপারিশ করা হয়েছে। সেনাবাহিনী নিশ্চিত করেছে যে, এবারের নিয়োগ র‍্যালিতে সুযোগ পাওয়া প্রার্থীর সংখ্যা গত বছরের তুলনায় দ্বিগুণেরও বেশি হবে, যার ফলে ত্রিপুরা থেকে অগ্নিবীর হিসেবে নিয়োগের মোট সংখ্যাও বৃদ্ধি পাবে। ‘অগ্নিপথ’ প্রকল্পের আওতায় স্বচ্ছ এবং মেধাভিত্তিক নিয়োগ প্রক্রিয়া বজায় রাখতে ভারতীয় সেনাবাহিনী প্রতিশ্রুতিবদ্ধ। এই র‍্যালির উদ্দেশ্য হলো- উৎসাহী তরুণদের গর্ব, শৃঙ্খলা ও নিষ্ঠার সঙ্গে দেশসেবা করার সুযোগ করে দেওয়া। শিলচরস্থিত আর্মি রিক্রুটিং অফিস থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****